

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৪৬

৯/ হাজ (হজ) (رسول الله ﷺ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এই বিষয়ে অনুমতি প্রসঙ্গে।

بَابٌ مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا قَتِيبَةُ، حَدَّثَنَا دَاؤُدُّ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْعَطَّارُ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، قَالَ سَمِعْتُ أَبَا الشَّعْثَاءِ، يُحَدِّثُ عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَزَوَّجَ مَيْمُونَةَ وَهُوَ مُحْرَمٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيفٌ . وَأَبُو الشَّعْثَاءِ اسْمُهُ جَابِرُ بْنُ زَيْدٍ . وَاخْتَلَفُوا فِي تَزْوِيجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَيْمُونَةَ لَأَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَزَوَّجَهَا فِي طَرِيقِ مَكَّةَ فَقَالَ بَعْضُهُمْ تَزَوَّجَهَا حَلَالًا وَظَهَرَ أَمْرُ تَزْوِيجِهَا وَهُوَ مُحْرَمٌ ثُمَّ بَنَى بِهَا وَهُوَ حَلَالٌ بِسَرِفٍ فِي طَرِيقِ مَكَّةَ وَمَاتَتْ مَيْمُونَةُ بِسَرِفٍ حَيْثُ بَنَى بِهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَدُفِنَتْ بِسَرِفٍ .

বাংলা

৮৪৬. কুতায়বা (রহঃ) ..... আবুশ শা'ছা ইবনু আবাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মায়মুনা (রাঃ) কে ইহরাম অবস্থায় বিবাহ করেছেন। ইমাম আবু সোসা (রহঃ) বলেন, এই হাদীসটি সহী। রাবী আবুশ শা'ছা এর নাম হল জাবির ইবনু যায়দ। মায়মুনা (রাঃ) কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক বিবাহের বিষয়ে রাবীদের এই মতবিরোধের কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে মক্কার পথে বিবাহ করেছিলেন। কেউ কেউ বলেন, তিনি মায়মুনা (রাঃ) কে হালাল অবস্থায়ই বিবাহ করেছিলেন কিন্তু তার এই বিবাহের বিষয়টি যখন জানাজানি হয় তখন তিনি ছিলেন মুহরিম। এরপর মক্কার পথে সারিফ নামক স্থানে হালাল অবস্থায় বাসর হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে মায়মুনা (রাঃ) এর যেখানে বাসর শয্যা হয়েছিল পরবর্তীতে সেই সারিফ নামক স্থানেই তার ইন্দেকাল হয় এবং সেখানেই তাকে দাফন করা হয়। -  
তিরমিজী হাদিস নম্বরঃ ৮৪৪ এর শেষাংশ [আল মাদানী প্রকাশনী]

English

(Another chain) that Ibn Abbas narrated:

"The Prophet married Maimunah while he was a Muhrim."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবুশ-শা'সা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18035>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন